

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.১৪৫.১৯/৩১১৫/১৭

তারিখ: ২৬/০৪/১৪২৬ বঙ্গাব্দ
০৭/০৭/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: কুড়িগ্রাম জেলার ভূরঙ্গামারী উপজেলাধীন সোনাহাট ডিগ্রি কলেজের জনাব মো: আনিসুর রহমান আনিস, প্রভাষক (মনোবিজ্ঞান) এর এমপিওভুক্তি।

সূত্র: মন্ত্রণালয়ের পত্র স্মারক নং-৩৭.০০.০০ ০০.০৭৪.০২৯.০০৪.২০১৮.৭২, তারিখ: ২১/০৩/২০১৯খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুড়িগ্রাম জেলার ভূরঙ্গামারী উপজেলাধীন সোনাহাট ডিগ্রি কলেজের জনাব মো: আনিসুর রহমান আনিস, প্রভাষক (মনোবিজ্ঞান) এর এমপিওভুক্তির বিষয়ে মন্ত্রণালয়ে দাখিলকৃত আবেদন যাচাই করে নিষ্পত্তিকরণের জন্য শিক্ষা মন্ত্রণালয় সূত্রোক্ত পত্র প্রেরণ করেন।

জনাব মো: আনিসুর রহমান আনিস, প্রভাষক(মনোবিজ্ঞান) পদে ২১/০৯/২০১০খ্রি. তারিখে যোগদান করে কর্মরত। এমপিওভুক্তির জন্য অনলাইনে আবেদন করা হয়। কিন্তু "Recruitment process conducted by ad hoc committee" এর কারণ দেখিয়ে বার বার ফাইলটি রিজেক্ট করা হয়।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মচারী নিয়োগ সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয় ১২/০৪/২০১১খ্রি. তারিখে প্রজ্ঞাপন জারি করেন(স্মারক নং-শিম/শাঃ১১/১০-১১/২০০৯/১৭১)। পত্রে উল্লেখ আছে-“বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা ২০০৯ এর ৪১(২)(খ)৪ অনুযায়ী ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কে শিক্ষক-কর্মচারী নিয়োগের যে ক্ষমতা দেয়া হয়েছে তা কেবলমাত্র নিয়মিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির মাধ্যমে সম্পন্ন করতে হবে। কোনক্রমেই এডহক বা বিশেষ ধরণের কমিটি/গভর্নিং বডির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না”।

শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৪/২০১১খ্রি. তারিখের প্রজ্ঞাপন জারির পূর্বেই এডহক কমিটির মাধ্যমে জনাব মো: আনিসুর রহমান আনিস কলেজটিতে প্রভাষক (মনোবিজ্ঞান) পদে ২১/০৯/২০১০খ্রি. তারিখে যোগদান করেন।

এমপিওভুক্তির অন্যান্য শর্ত যথাযথ থাকলে শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৪/২০১১খ্রি. তারিখের প্রজ্ঞাপন জারির পূর্বে এডহক কমিটির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হওয়ায় জনাব মো: আনিসুর রহমান আনিসকে প্রভাষক (মনোবিজ্ঞান) পদে এমপিওভুক্ত করতে বাধা নেই।

এমতাবস্থায়, বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

০৭.০৮.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

ই-মেইল: ncollege@dshe.gov.bd

উপপরিচালক,

মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, আঞ্চলিক কার্যালয়, রংপুর।
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, সোনাহাট ডিগ্রি কলেজ, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৩। অধ্যক্ষ, সোনাহাট ডিগ্রি কলেজ, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৬। জনাব মো: আনিসুর রহমান আনিস, প্রভাষক (মনোবিজ্ঞান), সোনাহাট ডিগ্রি কলেজ, ভূরঙ্গামারী, কুড়িগ্রাম।
- ৭। সংরক্ষণ নথি।